পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ডায়েরি নং ৩০/১১/২৫
৫৮৪৬
এআইজি আইসিটি
অতিঃ এসপি (আইসিটি)
এএসপি (আইসিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
হেলথ, ওয়েলফেয়ার অ্যান্ড পেনশন শাখা
www.police.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.০৩২.৩৭.০০৯.২৫/ ৪২২৮ তারিখ-২৭/১১/২০২৫ খ্রি.

বিষয়: বাংলাদেশ পুলিশ ওয়েবসাইট/ ফেসবুক পেইজ -এ প্রকাশকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিলের ব্যবস্থাপনা বোর্ডের সভায় অনুদান মঞ্জুরি এবং বাংলাদেশ পুলিশ কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প(পনপ) হতে অনুদান মঞ্জুরি প্রদান সংক্রান্ত তথ্য বাংলাদেশ পুলিশ ওয়েবসাইট ও ফেসবুক পেইজ -এ প্রকাশের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত: ০২ (দুই) পাতা।

২৭/১১/২৫
(এ.এন.এম. মারূফ আব্দুল্লাহ্)
বিপি-৮২১১১২৭৩৮১
এআইজি
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ফোন-০২-২২৩৩৮১৩১১, ফ্যাক্স-০২-৪৭১১৯৭০৭
E-mail: aighw_p@police.gov.bd

কার্যার্থে:

১। এআইজি (আইসিটি)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

২। এআইজি (মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

# বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল হতে অনুদান মঞ্জুরী সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ১৯৮৬ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত তহবিলে এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্যদের নিকট হতে বছরে দুই বার চাঁদা কর্তন করা হয়। এ তহবিল হতে কেবল এসআই/সমমান হতে তদনিম্ন সকল পুলিশ/নন-পুলিশ সদস্য চাকুরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের দুই বছর পর্যন্ত দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া বাবদ এককালীন ২৫ হাজার টাকা ও মৃত্যুবরণ অথবা স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে এককালীন ১০ হাজার টাকাসহ প্রতিমাসে ১৫০০ টাকা করে ১৫ বছর পর্যন্ত কল্যাণ ভাতা সুবিধা পেয়ে থাকেন। এছাড়া বিশেষ ও ব্যয়বহুল, গুরুতর এবং সাধারণ চিকিৎসার ক্ষেত্রে আর্থিক অনুদান প্রাপ্ত হন।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিলের ব্যবস্থাপনা বোর্ডের ২০২৫ সালের ৯ম সভায় (নভেম্বর/২৫) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ ও চেয়ারম্যান, বাংলাদেশ পুলিশ কল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড মহোদয়ের অনুমোদন সাপেক্ষে এসআই/সমমান হতে তদনিম্ন ২৫৬ জনের অনুকূলে **সর্বমোট ১,১৮,৫৪,৭০০/- (এক কোটি আঠার লক্ষ চুয়ান্ন হাজার সাতশত টাকা)** আর্থিক অনুদান নিম্নরূপ মঞ্জুর করা হয়:

১। ৪৪ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে মৃত্যুর তারিখ হতে ১৫ বছর পর্যন্ত এককালীন ও মাসিক ভাতা মোট **১০,৫৪,৭০০** (দশ লক্ষ চুয়ান্ন হাজার সাতশত) টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ১০ জন এসআই/সমমান, ০২ জন এএসআই/সমমান, ২৫ জন কনস্টেবল, ০১ জন নায়েক এবং ০৬ জন নন-পুলিশ সদস্য।

২। ৪০ জন মৃত এসআই/সমমান হতে তদনিম্ন সদস্যদের পরিবারের অনুকূলে দাফন-কাফন সংক্রান্ত মোট **৯,৯০,০০০ (নয় লক্ষ নব্বই হাজার)** টাকা অনুদান মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০৯ জন এসআই/সমমান, ০২ জন এএসআই/সমমান, ২৫ জন কনস্টেবল, ০১ জন নায়েক এবং ০৩ জন নন-পুলিশ সদস্য।

৩। ১৬৯ জন পুলিশ/নন-পুলিশ সদস্যদের বিশেষ ও ব্যয়বহুল/গুরুতর/সাধারণ ক্যাটাগরিতে মোট **৯৮,১০,০০০** (আটানব্বই লক্ষ দশ হাজার) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। তন্মধ্যে ২৫ জন এসআই/সমমান, ৩১ জন এএসআই/সমমান, ০৩ জন নায়েক, ৯৮ জন কনস্টেবল এবং ১২ জন নন-পুলিশ সদস্য।

# বাংলাদেশ পুলিশ কর্মচারী নিরাপত্তা প্রকল্প (পনপ) তহবিল হতে অনুদান মঞ্জুরী সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

বাংলাদেশ পুলিশ কর্মচারী নিরাপত্তা প্রকল্প (পনপ) ১৯৮৬ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। এ প্রকল্পের আওতায় বাংলাদেশ পুলিশে সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের নিকট হতে পদমর্যাদা অনুযায়ী বিভিন্ন হারে বাৎসরিক চাঁদা কর্তন করা হয়। উক্ত তহবিল হতে চাকুরিরত অবস্থায় অথবা অবসর গ্রহণের দুই বছর পর্যন্ত কোন সদস্য মৃত্যুবরণ করলে মৃতের পরিবার এককালীন আর্থিক অনুদানের সুবিধা পেয়ে থাকেন।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশ কর্মচারী নিরাপত্তা প্রকল্প (পনপ) পরিচালনা পরিষদের ২০২৫ সালের ৮ম সভায় (নভেম্বর/২৫) পরিষদের সভাপতি জনাব মোঃ আকরাম হোসেন, বিপিএম, অ্যাডিশনাল আইজি (ফিন্যান্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে ৩৭ জন বিভিন্ন পদবীর মৃত সদস্যদের পরিবারের অনুকূলে এককালীন মোট ২১,২৭,৩১০ (একুশ লক্ষ সাতাশ হাজার তিনশত দশ) টাকা অনুদান পদবী অনুযায়ী মঞ্জুরি প্রদান করা হয়। তন্মধ্যে ০৪ জন পুলিশ পরিদর্শক, ০৮ জন এসআই/সমমান এবং ২৫ জন এএসআই হতে তদনিম্ন সদস্য।